যুগান্তর

21 JAN 2017

# সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে পারিনি : শিক্ষামন্ত্রী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, জাতিসংঘ ঘোষিত এমডিজি লক্ষ্য অনুযায়ী শিশুদের স্কুলে নিয়ে আসা এবং মেয়েদের সমতা অর্জন করা আমাদের বিরাট অর্জন। কিন্তু জাতিসংঘের লক্ষ্যের সঙ্গে আরেকটি ছিল— মানসম্মত শিক্ষা দিতে হবে। আমরা সবার জন্য সেই মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে পারিনি। তার জন্য অবশ্যই সময় প্রয়োজন, আমাদের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল প্রাঙ্গণে '৭ম ডাচ বাংলা ব্যাংক বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড-২০১৭' এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অলিম্পিয়াডের সভাপতি অধ্যাপক ড. খোরশেদ আহমেদ কবিরের সভাপতিত্বে এ অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ঢাবি ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আবদুস সাত্তার, অলিম্পিয়াড কমিটির সিনিয়র ভাইস চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ জাফর ইকবাল, দৈনিক কালের কণ্ঠ সম্পাদক ইমদাদুল হক মিলন প্রমুখ।

■ পৃষ্ঠা ১৬ : কলাম ৪

## সবার জন্য মানসম্মত শিক্ষা

(৩য় পৃষ্ঠার পর)

পেছনে দৌড়াচ্ছে। পরীক্ষায় ভালো নম্বর পাওয়ার জন্য পড়াশোনা করবে না, শেখার জন্য পড়াশোনা করবে। দেখবে পড়াশোনার মধ্যে কত আনন্দ। পদার্থ বিজ্ঞানের মতো এমন মজার বিষয় আর হতে পারে না বলেও মন্তব্য করেন তিনি।

উদ্বোধনী অনুষ্ঠানের পর শুরু হয় বিজ্ঞান মেলা। এতে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ৮টি দল অংশ নেয়। আজ সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী [illegible] অলিম্পিয়াডের সমাপনী ও [illegible]